তারিখ ... ১৪।১১।৮৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৬ ...

দৈনিক বাংলা

007

# ঢাকা মেডিক্যাল কলেজের ডিগ্রীকে বৃটিশ মেডিক্যাল কাউন্সিলের স্বীকৃতিদান

বৃটেনের জেনারেল মেডিক্যাল কাউন্সিলের বৈদেশিক কমিটি নীতিগতভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ঢাকা মেডিক্যাল কলেজের ছাত্র-দেরকে প্রদত্ত এমবি, বিএস ডিগ্রী সীমাবদ্ধভাবে স্বীকৃতি দানের সিদ্ধান্ত নিয়েছে। গত পহেলা নবেম্বর অনুষ্ঠিত কমিটির এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

বৃহস্পতিবার বৃটিশ ইনফরমেশন সার্ভিসের এক বিজ্ঞপ্তিতে বলা হয় যে, এই সিদ্ধান্ত চলতি সালের কোন এক সময় থেকে কার্যকর হবে। ফলে, স্বাধীনতা যুদ্ধের পর ঢাকা মেডিক্যাল কলেজ থেকে উত্তীর্ণ ছাত্রদের স্বীকৃতি বৃটেন প্রত্যাহার করার পর তা আবার বহাল করা হল। চিকিৎসা বিষয়ক শিক্ষাদানে ঢাকা মেডিক্যাল কলেজ যে উন্নতি সাধন করেছে তা প্রত্যক্ষ করে বৈদেশিক

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## স্বীকৃতি দান

(১ম পৃঃ পর)

কমিটিকে অবহিত করায় গত তিন বছর যাবত বৃটিশ মেডিক্যাল কউন্সিলের উদ্যোগে বৃটিশ চিকিৎসকগণ কয়েকবার বাংলাদেশ সফর করার পর এই স্বীকৃতি দেয়া হল। মেডিক্যাল ছাত্রদের প্রশিক্ষণ আরও উন্নত করার লক্ষ্যে বৃটিশ কাউন্সিল এখন ঢাকা মেডিক্যাল কলেজ ও এডিনবরা বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষামূলক যোগাযোগ প্রতিষ্ঠারও একটি কর্মসূচী গ্রহণ করেছে।